দৈনিক সংবাদ

তারিখ ... ... 24 JUN 1995
পৃষ্ঠা 2

120

# ভিসির সিদ্ধান্তে ক্যাম্পাসে তীব্র প্রতিক্রিয়া, মিছিল, বিক্ষোভ

## ❑ মন্ত্রণালয়ের পদস্থ কর্তাদের আশ্বাসেই ওরা পরীক্ষা না দিয়ে অনুষ্ঠানে যায়

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা) ভর্তি পরীক্ষা ছাড়াই ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদে ২০ জন ছাত্রকে ভর্তির এক (ভিসি) নির্দেশ দেয়ায় ক্যাম্পাসে তীব্র প্রতিক্রিয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমদের বিরুদ্ধে সমালোচনার ঝড় উঠেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সদস্যরা গতকাল উপাচার্যের সাথে এক সাক্ষাতে তার এ সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন এবং তাকে এ সিদ্ধান্ত প্রত্যাহারের অনুরোধ জানান।

গতকাল গভীর রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে সাধারণ ছাত্র-ছাত্রীরা ঘটনার প্রতিবাদে মিছিল করেছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনগুলো উপাচার্যের বিরুদ্ধে আজ থেকে আন্দোলন শুরু করবে। আগামী ২৮শে জুন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনে এ বিষয়টিসহ উপাচার্যের অন্যান্য দুর্নীতি নিয়ে আলোচনা হবে বলে সংশ্লিষ্টরা জানান।

জানা গেছে, গত ১৫ই এপ্রিল 'গ' ইউনিট (বাণিজ্য অনুষদ)-এর ১৯ জন পরীক্ষার্থী শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাদের আশ্বাসের ভিত্তিতে ভর্তি পরীক্ষা না দিয়ে প্রধানমন্ত্রির অনুষ্ঠানে যায়। কিন্তু তারা যথারীতি পরীক্ষা দিয়েও অনুষ্ঠানে যেতে পারত যেমনটি গিয়েছিল আরও ৮১ জন মেধাবী ছাত্র। বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ছাত্র-ছাত্রীদের ৪টি ইউনিটের মাধ্যমে ভর্তির প্রক্রিয়া বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির নিয়ন্ত্রণাধীন। এই ভর্তি কমিটি আবার বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের নিকট দায়বদ্ধ। কিন্তু উপাচার্য এসবকিছুকে অগ্রাহ্য করে তার নির্বাহী ক্ষমতাবলে ২০ জন ছাত্রকে বিনা পরীক্ষায় ভর্তির যে নির্দেশ দিয়েছেন তা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের সুস্পষ্ট লংঘন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা না দেয়া ২০ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি করার জন্য উপাচার্যের নির্দেশের তীব্র প্রতিবাদ করে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এ নির্দেশ প্রত্যাহারের দাবি জানিয়েছে। গতকাল শুক্রবার সমিতির সভাপতি অধ্যাপক এটিএম জহুরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত কার্যকরী পরিষদের এক সভায় এ দাবি জানানো হয়।

ভর্তি পরীক্ষা না দেয়া ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য উপাচার্যের আদেশের বিষয়ে আলোচনার সিদ্ধান্ত ঃ পৃঃ ৮ কঃ ৬

### সিদ্ধান্ত ঃ তীব্র প্রতিক্রিয়া

( ১ম পৃষ্ঠার পর )

জন্য সমিতি আগামীকাল রোববার সকাল ১১টায় জরুরি সাধারণ সভা আহ্বান করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ (শা-পা)-এর সভাপতি বাহাদুর ব্যাপারী ও সাধারণ সম্পাদক আবদুল ওয়াদুদ খোকন এক যুক্ত বিবৃতিতে ঘটনার নিন্দা করে বলেন, তারা সর্বসময়ই মেধাবী ছাত্রদের মেধার প্রতি শ্রদ্ধাশীল কিন্তু কোন অবস্থাতেই বিশ্ব-বিদ্যালয়ের নিয়মনীতি ভঙ্গ করে এ অবৈধ ভর্তি মেনে নেয়া হবে না। খবর সংবাদ বিজ্ঞপ্তির।